দৈনিক ইনকিলাব

তারিখ ...12 AUG 1988...
পৃষ্ঠা... 1 ...কলাম... 7 ...

032

# প্রেসিডেন্ট এরশাদের কাছে ইসলামী শিক্ষা কমিটির সুপারিশমালা পেশ

ইসলামী শিক্ষা কমিটির আহবায়ক অধ্যাপক সৈয়দ আলী আহসান গতকাল প্রেসিডেন্টের সচিবালয়ে প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের কাছে কমিটির সুপারিশমালা পেশ করেন।

১৯৭৭ সাল থেকে ১৯৮২ সালে চারটি মুসলিম শিক্ষা সম্মেলনে গৃহীত প্রস্তাব

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## ইসলামী শিক্ষা কমিটি

প্রথম পৃষ্ঠার পর

পরীক্ষার জন্য প্রেসিডেন্টের নির্দেশে ঐ কমিটি গঠিত হয়।

মুসলিম দেশসমূহের শিক্ষাক্ষেত্রে একটি একক আদর্শগত ও উন্নয়নমূলক বৈশিষ্ট্য রাখার জন্য ঐ সব সম্মেলনে প্রস্তাব গৃহীত হয়।

জাতীয় প্রয়োজনীয়তা এবং প্রেক্ষাপটের সাথে সামঞ্জস্য রেখে মুসলিম শিক্ষা সম্মেলনে গৃহীত প্রস্তাবের ভিত্তিতে সুপারিশ পেশ করার জন্য কমিটিকে দায়িত্ব দেয়া হয়। এ পর্যন্ত কমিটি ১০ বার বৈঠকে মিলিত হয়। দেশের বিভিন্ন পর্যায়ের শিক্ষাক্ষেত্রে বিরাজমান বিরোধ নিরসনের জন্য কমিটি একটি নতুন পাঠ্যক্রম কমিটি গঠনের সুপারিশ করেছে।

কমিটির সুপারিশে বলা হয় যে, যেহেতু এদেশের সংখ্যাগরিষ্ঠ মানুষ মুসলিম, তাই জাতীয় শিক্ষা ব্যবস্থায় ইসলামী মূল্যবোধ, ঐতিহ্য ও সংস্কৃতির প্রতিফলন থাকা দরকার। সুপারিশ পেশ করায় প্রেসিডেন্ট কমিটিকে ধন্যবাদ জানান।

প্রেসিডেন্ট আশা করেন যে, এসব সুপারিশ দেশের নয়া শিক্ষা পদ্ধতি প্রণয়নে সহায়তা করবে। প্রেসিডেন্ট দেশের শিক্ষা ব্যবস্থায় ধর্মীয় শিক্ষার ব্যাপারে তাঁর সরকারের পদক্ষেপের কথা উল্লেখ করেন। তিনি বলেন, পাঠক্রম কমিটি গঠনের সুপারিশ সরকার বিবেচনা করবেন। এই কমিটির অন্যান্য সদস্যরা হলেন, ডঃ আবদুল বারী, ডঃ সৈয়দ আলী আশরাফ, ডঃ এম, শমসের আলী, ডঃ সিরাজুল হক এবং সৈয়দ আলী নকী। —বাসস।